السنّة النبوية وعلومها
www.sunnah.global

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক ফরয সালাতের পর বলতেন

মুগীরাহ বিন শু ’বাহ -এর লেখক ওয়ার্রাদ হতে বর্ণিত। তিনি বলেন , মুগীরাহ বিন শু ’বাহ আমাকে দিয়ে মু’আবিয়াহ -কে একখানা পত্র লিখালেন : নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক ফরয সালাতের পর বলতেন: «لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ» ’’আল্লাহ্‌ ব্যতীত সত্য কোন মাবূদ নেই , তিনি একক, তার কোন শরীক নেই। রাজত্ব তাঁরই। প্রশংসা তাঁরই , তিনি সব কিছুর উপরই ক্ষমতাশীল। হে আল্লাহ্‌ ! আপনি যা প্রদান করতে চান তা রোধ করার কেউ নেই, আর আপনি যা রোধ করেন তা প্রদান করার কেউ নেই। সম্মান ওয়ালার সম্মান কোন উপকারে আসে না তোমার থেকেই সম্মান। ’’

[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক ফরজ সালাতের পর বলতেন : " لَا إِلَـهَ إِلَّا اللـهُ وَحْـدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، اللّٰهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ" ’’’’আল্লাহ্‌ ব্যতীত সত্য কোন মাবূদ নেই , তিনি একক, তার কোন শরীক নেই। রাজত্ব তাঁরই। প্রশংসা তাঁরই , তিনি সব কিছুর উপরই ক্ষমতাশীল। হে আল্লাহ্‌ ! আপনি যা প্রদান করতে চান তা রোধ করার কেউ নেই , আর আপনি যা রোধ করেন তা প্রদান করার কেউ নেই। সম্মান ওয়ালার সম্মান কোন উপকারে আসে না তোমার থেকেই সম্মান। ’’ ।’’ অর্থাৎ আমি তাওহীদের কালিমা لا إلــه إلا اللـــه স্বীকার করছি ও মেনে নিচ্ছি। সত্যিকার ইবাদত একমাত্র আল্লাহর জন্যে সাব্যস্ত করছি এবং তিনি ছাড়া সবার থেকে তা নাকচ করছি। কাজেই আল্লাহ ছাড়া সত্যিকার কোনো মাবূদ নেই এবং স্বীকার করছি যে , পরিপূর্ণ ও প্রকৃত রাজত্ব একমাত্র আল্লাহর জন্যেই খাস। আসামন ও জমিনবাসীর সকল প্রশংসার হকদার একমাত্র আল্লাহ তা ‘আলা। কারণ, তিনি সবকিছুর ওপর ক্ষমতাবান। তিনি যা দেওয়া বা না দেওয়া নির্ধারণ করেন তা প্রতিরোধকারী কেউ নেই। তার নিকট কোনো সম্পদশালীর সম্পদ কাজে আসবে না, তাকে উপকৃত করবে কেবল নেক আমল।

https://sunnah.global/hadeeth/bn/show/65102

النجاة الخيرية
ALNAJAT CHARITY

لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee